12208 - যে ব্যক্তির ডিউটি টাইম তারাবীর নামাযের সাথে সাংঘর্ষিক; সে কী করবে?

প্রশ্ন

ইমাম তারাবীর নামায শেষে করার আগে আমার ডিউটির টাইম হয়ে যায়। আমার কাজে যাওয়া প্রয়োজন। এমতাবস্থায় আমি কী করব?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আপনি ইমামের সাথে যতটুকু পারেন জামাতের সাথে নামায পড়ুন। আপনি দুই রাকাত, চার রাকাত বা ছয় রাকাত পড়ে কাজে চলে যেতে বাধা নেই। এরপর বাসায় ফিরে বাকী নামায পড়বেন এবং সবশেষে বিতিরের নামায পড়বেন।

আর যদি অন্য কোন মসজিদ পান যেখানে তারা আগে নামায পড়ে এবং আপনি তাদের সাথে পূর্ণাঙ্গ নামায পড়ে কাজে যেতে পারেন; তাহলে সেটা ভালো। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: ‘যে ব্যক্তি ইমাম নামায শেষে করা পর্যন্ত ইমামের সাথে কিয়ামুল লাইল আদায় করবে তার জন্য গোটা রাত কিয়ামুল লাইল আদায় করার সওয়াব লেখা হবে” [সুনানে তিরমিযি (৮০৬), আলবানী সহিহুত তিরমিযি গ্রন্থে হাদিসটিকে সহিহ বলেছেন]

আল্লাহ্ই সর্বজ্ঞ।